৩

# সমাচার দর্পণ

১০৭৯ সংখ্যা। বালম ১৮।] ১৮৩৬ সাল ১৯ মার্চ। শনিবার ১২৪২ সাল ৮ চৈত্র। SATURDAY, MARCH 19TH. 1836. [মূল্য মাসে ১ টাকা।

No. 1079. VOL. XVIII.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

## ইশতেহার।

### বিজ্ঞাপন।

সমাচার দেওয়া যাইতেছে যে গত ২ মার্চ বুধবার কলিকাতা নগরে শ্রীভগবতীচরণ সরকারের স্থানহইতে দুই কেতা বাঙ্গাল বেঙ্ক নোট খোয়া গিয়াছে বিশেষতঃ

২২,০৫৮ নং এক কেতা ১০০০ টাকা
২১,৮৯৭ নং এক কেতা ১০০০

যিনি এই নোট পাইয়া থাকেন অথবা অনুসন্ধান পান তিনি অনুগ্রহপূর্ব্বক কলিকাতা শহরের লালগির্জার ছাপাখানাতে শ্রীযুত মরি সাহেবের নিকট অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে তাহার সম্বাদ দিলে উপযুক্ত পারিতোষিক পাইবেন।

---

### সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩১ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব জান তামসনের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিক সেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা কশ্বাতে মামুন্দশয় পরগনার মোশ্তইকড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক নীলের কুঠী তাহাতে চারি যোড়া হৌজ ও নীল যাঁত দিবার ঘর ও নীল মুকাইবার ঘর ও কএক বাঙ্গলা ও লাঙ্গল ও জাঁত বাক্স ও জাঁত কড়ি ও পেঁচ ও খড়ুয়া দপ্তরখানা ও গরু রাখিবার ঘর এবং নীলের কারখানা চালাইবার নিমিত্ত ও নীল আবাদকরণার্থ তদুপযুক্ত অস্ত্রশস্ত্রাদি তাবৎ সরঞ্জাম এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫/ পাঁচ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জান তামসনের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে নবগঙ্গা। পশ্চিম ও দক্ষিণ ও পূর্ব্ব দিগে উমাচরণ বাঁড়ুয্যের ভূমি।

এবং পূর্ব্বোক্ত জিলা ও পরগনায় বারি পাটানের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক নীলের কুঠী তাহাতে দুই যোড়া হৌজ ও যাঁত ঘর এবং নীলের কারখানা চালাইবার নিমিত্ত ও নীল আবাদকরণার্থ তদুপযুক্ত অস্ত্রশস্ত্রাদি তাবৎ সরঞ্জাম এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জান তামসনের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হ

## ইশতেহার।

ইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে তারকচন্দ্র রায়ের এক খণ্ড ভূমি। উত্তর দিগে উমাচরণ বাড়ুয্যের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে এক খাল।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত জিলা ও পরগনার আন্দুল বাড়ির শামিল ও তন্মধ্যস্থিত যে অন্য এক নীলের কুঠী তাহাতে ৬ যোড়া হৌজ ও জাঁতঘর ও নীল মুকাইবার ঘর ও তাম্রের ডেক্ ও বোমা কল্ ও বাবুর্চিখানা ও বাঙ্গলা ও জাঁত কলপ্রভৃতি এবং নীলের কারখানা চালাইবার নিমিত্ত ও নীলের আবাদকরণার্থ তদুপযুক্ত অস্ত্রশস্ত্রাদি সরঞ্জাম এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৩/ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জান তামসনের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে বাং নদী। পশ্চিম দিগে নীলমণি মুখুয্যের এক খণ্ড ভূমি। পূর্ব্ব দিগে রামলোচন মল্লিকের ভূমি। দক্ষিণ দিগে তারকচন্দ্র রায়ের এক খণ্ড ভূমি।

৪ দফা। এবং হরেক রকমের জিনিস আছে তন্মধ্যে রূপার ও স্বর্ণের মুকুট ও রূপার চামচ ও ৩ টা পিতলের বগুনা ও ২ টা পিতলের লোটা ও দুইটা পিতলের লমুজ ও একখানা খট্টা বিছানাসমেত ও ৪ খানা চৌকি ও ১ টা আলমারি ও ২ টা টিপাইপ্রভৃতি তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী জান তামসন সাহেবের যে স্বত্ব অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

---

### রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্র পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে

## ইশতেহার।

লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

---

### সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে
কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে স্বয়ং লইতে আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন ইতি।

---

### মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কন আরম্ভ হইয়াছে। ঐ গ্রন্থ দুই বালমে মুদ্রাঙ্কিত হইবে। মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

---

### অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতিঃ।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরে ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। আহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্বমুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক এবং কলিকাতানগরে লালগির্জার সম্মুখে এখানকার গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে স্বয়ং লইতে আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন ইতি।

## ইশতেহার।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে যত পুস্তক প্রকাশিত হইয়াছে তাহা কলিকাতায় মিসেন রোরাস্তায় চর্চ মিসন প্রেসে বিক্রয়ার্থ রাখা গিয়াছে। ঐ স্থান লালগির্জার নিকটবর্ত্তি রাস্তার ধারে যাঁহার গ্রহণেচ্ছা হয় সেখানে গমন করিলে শ্রীযুত ডিরোজারিয়ো সাহেবের নিকটে চাহিলে পাইতে পারিবেন।

---

### বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সাল অবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩৩ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধআইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গব

র্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ৪ চারি টাকা।

মুগ্ধবোধ।

অর্থাৎ বোপদেবকর্ত্তৃক রচিত সংস্কৃত মুগ্ধবোধ। মূল্য ১ টাকা।

দেবনাগরে অমরকোষ।

দেবনাগর অক্ষরে প্রকাশিত তাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলব্রোক সাহেবকর্ত্তৃক সম্পন্ন হইয়া সুজিসমেত দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১২ বার টাকা।

সাংখ্য প্রবচন ভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

গোলাধ্যায়।

অর্থাৎ ভূগোলীয় তাবদ্বৃত্তান্ত বাঙ্গলা ভাষায় মুদ্রিত। মূল্য ২ টাকা।

দিগ্দর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৫ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

বিদ্যাহারাবলি।

অর্থাৎ অস্ত্র চিকিৎসা বিদ্যার বিষয় ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হয়। মূল্য ১৪ টাকা।

ভারতবর্ষীয় ইতিহাস।

অর্থাৎ ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের প্রথমাগমনাবধি ১৮২২ সালপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষে কৃত তাবৎ ব্যাপারের উপাখ্যান ২ বালমে প্রকাশিত হয় মূল্য ৮ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করী আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ৩ টাকা

---

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সনরি তাহাতে বাঙ্গলা শব্দ সমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সনরি।

২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথক্‌রূপে লইলে ৬ টাকা।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ ডাক্তর কেরিসাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ভাষায় গ্রামার। চতুর্থবার মুদ্রিত। মূল্য ৪ টাকা।

কবিতারত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্ন শর্ম্মহালদারকর্ত্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত তৃতীয়বার মুদ্রিত। মূল্য ৪ টাকা।

দিগ্দর্শন।

তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল প্রথম পৃষ্ঠায় বাঙ্গলা ভাষায় এবং দ্বিতীয় পৃষ্ঠায় ইঙ্গরেজীতে মুদ্রিত। মূল্য ৮ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ২ টাকা।

## রাজকর্ম্মে নিয়োগ।

৯ মার্চ ১৮৩৬।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত হেনরি জে মিদলটন সাহেব ১৮৩৬ সালের বার্ষিক মুশাহেরা প্রাপণার্থ বিলাতে প্রত্যাগমন করিতে অনুমতি পাইয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত গার্ষ্টিন সাহেব বর্ত্তমান মাসের ১ প্রথম তারিখে সমুদ্রপথহইতে প্রত্যাগত হইয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে মাষ্টর ও শ্রীযুত জে বি লারেল ও শ্রীযুত টি বি সি বেলি সাহেব বিলাত গমনার্থ জিনোবিয়া জাহাজারোহণ করিয়াছেন। সেই জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে আড়কাটি ছাড়িয়া আসিয়াছে।

পশ্চিম প্রদেশীয় কর্ম্মে নিযুক্ত সিবিলসম্পর্কীয় শ্রীযুত টি পি উড়কক্ সাহেব স্বাস্থ্যের নিমিত্ত সমুদ্র পথে গমনার্থ অনুমতি পাইয়াছেন এবং তদুপলক্ষে বার মাসের ছুটি পাইয়াছেন।

৮ মার্চ।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব ১৪ সংখ্যক অর্থাৎ মুরাদাবাদ প্রদেশের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনরের আসিষ্টান্ট হইয়াছেন কিন্তু জিলা বর্দ্ধমানের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের কার্য্যও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এচ ইয়ং সাহেব ১৮ সংখ্যক অর্থাৎ যশোহর প্রদেশের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনরের আসিষ্টান্ট হইয়াছেন।

শ্রীযুত সুজা উদ্দিন আলি খাঁ যশোহর জিলা ভুক্তহওয়াতে শ্রীযুত মৌলবি ফজলউল হক জিলা সারণের প্রধান সদর আমীন হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহই ছুটি পাইয়াছেন।

জিলা বেহারের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত জে সি ব্রোণ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে গঙ্গাসাগরে গমনার্থ এক মাসের ছুটি পাইয়াছেন।

মুরাদাবাদের একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত ই ডিডস সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছিবার নিমিত্ত যে ছুটি পান তদতিরিক্ত সাত দিবসের ছুটি পাইয়াছেন।

১০ মার্চ।

সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত চার্লস গার্ষ্টিন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা যশোহরের একটিং উপরি জজ হইয়াছেন।

২২ ফেব্রুআরি।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

হরিআনার মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত আর নীব সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটি পাইয়াছেন।

গাজিপুরের একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত টি পি উডকক সাহেব চিকিৎকের সর্টিফিকটক্রমের দুই মাসের ছুটি পাইয়াছেন।

শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব শ্রীযুত এফ ষ্টেনফোর্থ সাহেবকে গাজিপুরের একটিং জাইন্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেক্টরী পদে নিযুক্ত করিয়াছেন।

৩ মার্চ।

রেবিনিউ সদর বোর্ডের সেক্রেটরীর আসিষ্টান্ট শ্রীযুত আর আলেকজান্দর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটি পাইয়াছেন।

১ মার্চ।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত আর জে ব্রাসি সাহেব স্বীয় দরখাস্তক্রমে আলাহাবাদের দুর্গস্থ সৈন্যেরদের আসিষ্টান্ট চিকিৎসকের পদে ইস্তফা দেওনার্থ অনুমতি পাওয়াতে শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেবের চিকিৎসক শ্রীযুত বিটি সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত তৎকার্য্য নির্ব্বাহ করিবেন।

## Civil Appointments.

*9th March*, 1836.

Mr. Henry J. Middleton, of the Civil Service, has been permitted to return to England in order to retire upon an Annuity of the year 1836.

Mr. C. Garstin, of the Civil Service, reported his return from sea on the 1st instant.

Messrs. J. Master, J. G. B. Lawrell and T. B. C. Bayley, of the Civil Service, embarked for Europe on board the ship "*Zenobia*," which vessel was left by the pilot at sea on the 6th instant.

Mr. T. P. Woodcock, a Civil Servant, employed in the Western Provinces, is permitted to proceed to sea, and to be absent for twelve months, for the recovery of his health.

*8th March.*

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments :

Mr. F. Skipwith to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 14th or Moorshedabad Division, but will continue to officiate as Joint Magistrate and Deputy Collector of Zillah Burdwan.

Mr. J. H. Young to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 18th or Jessore Division.

Moulavee Fuzzulool Huq to be Principal Sudder Ameen in Zillah Sarun, vice Shooja Oodeen Ali Khan removed to Jessore.

The following officers have obtained leave of absence from their stations :

Mr. J. C. Brown, officiating Civil and Session Judge of Zillah Behar, for one month, for the purpose of proceeding to the Sand Heads, on medical certificate.

Mr. E. Deedes, officiating Joint Magistrate and Deputy Collector of Moorshedabad, for seven days, in addition to the time allowed to join his station.

*10th March.*

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment :

Mr. Charles Garstin to officiate, until further orders, as Additional Judge in Zillah Jessore.

*22d February.*

The following officers have obtained leave of absence from their stations :

Mr. R. Neave, Magistrate and Collector of Hurrianah, for six months, on his private affairs.

Mr. T. P. Woodcock, officiating Joint Magistrate and Deputy Collector of Ghazeepore, for two months, on medical certificate.

The Honourable the Governor has been pleased to appoint Mr. F. Stainforth to officiate as Joint Magistrate and Deputy Collector of Ghazeepore.

*3d March.*

Mr. R. Alexander, Assistant to the Secretary to the Sudder Board of Revenue, has obtained two months' leave of absence, on private affairs.

*1st March.*

Assistant Surgeon R. J. Brassey having been permitted, at his own request, to resign the appointment of Assistant Garrison Surgeon of Allahabad, Assistant Surgeon A. Beattie, Surgeon to the Honourable the Governor, will officiate in that situation till further orders.

শ্রীযুত গার্ডন সাহেব মির্জাপুরের সিবিলসম্পকীয় চিকিৎসাকার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর জে ব্রাসি সাহেব জনপুরের ঐ ঐ।

উপরিস্থ নিয়োগ দ্বারা গত মাসের ৩ তারিখে শ্রীযুত ব্রাসি সাহেবকে যে ছুটি দেওয়া যায় তাহার ব্যাঘাত হইবে না।

২ মার্চ।

শ্রীযুত মেজর সি পি কেনেডি সাহেব কর্ম্মে ইস্তফা দেওয়াতে তৎপদে পদাতিক সৈন্যের ১ রেজিমেন্টের লেপ্তেনন্ত কর্ণল শ্রীযুত এচ টি টাপ সাহেব সাবাতুর পোলিটিকাল এজেন্ট ও নসরি সৈন্যেরদের অধ্যক্ষ হইয়াছেন।

৮ মার্চ।

সদর দেওয়ানী ও নিজামত আদালতের কাজিয়াল কুজ্জাত শ্রীযুত মৌলবী গোলাম সুভানকে সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব খাঁ বাহাদুর উপাধি প্রদান করিয়াছেন।

২ মার্চ।

গত জানুআরি মাসের ৬ তারিখে আসিষ্টান্ট চিকিৎসকের পদে নিযুক্ত শ্রীযুত জে বেকর সাহেব ১৮৩৫ সালের ৯ আক্ট অর্থাৎ আইন অনুসারে বলুয়ার নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেন্ট হইয়াছেন।

৯ মার্চ।

শ্রীযুত এফ এস হেড সাহেব পুরীতে গমন কয়িয়া এতদ্দেশীয় ভাষা শিক্ষিতে অনুমতি পাইয়াছেন।

২ মার্চ।

শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব শ্রীযুত মৌলবী কাদির বক্সকে জিলা হসিঙ্গাবাদ ও সাগর ও নর্ম্মদারাজ্যের ডেপুটি কালেক্টরীপদে নিযুক্ত করিয়াছেন।

২৬ ফেব্রুআরি।

শ্রীযুত মৌলবী গোলাম হুজরথকে শ্রীলশ্রীযুত গবর্নর সাহেব ফতেপুরের একটিং প্রধান সদর আমিনীপদে নিযুক্ত করিয়াছেন।

৫ মার্চ।

পদাতিক সৈন্যের ৭ রেজিন্টের লেপ্তেনন্ত শ্রীযুত উলিয়ম হেনরি রবসন বোলাণ্ড সাহেব সাগর ও নর্ম্মদা রাজ্যের শ্রীযুত গবর্নর সাহেবের এজেন্টের আসিষ্টান্ট হইয়াছেন।

লঘু অস্ত্রধারি অশ্বরূঢ় সৈন্যের ৫ রেজিমেন্টের লেপ্তেনন্ত শ্রীযুত আরথর উইটলি সাহেব ঐ ঐ।

লেপ্তেলন্ত শ্রীযুত উইটলিসাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত টৌন ও কোর্ট মেজর এবং শ্রীযুত গবর্নর সাহেবের মোশাহেবীপদে নিযুক্ত থাকিবেন।

# সমাচার দর্পণ

শনিবার ১৯ মার্চ ১৮৩৬।

শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে বাথ উপাধির চিহ্ন প্রদানের ঘটনা গত শুক্রবার পূর্ব্বাহ্নে গবর্ণমেণ্ট হৌসে সম্পাদন হয়। ঐ ঘটনার নিমিত্ত যে সময় নির্দ্দিষ্ট ছিল তাহার পূর্ব্বে ঐ রাজপ্রাসাদের প্রধান প্রকোষ্ঠ সাহেব ও বিবি সাহেব লোকেতে এমত পরিপূর্ণ হইয়াছিল যে প্রায় তদ্রূপ অদৃষ্টপূর্ব্ব। অপর দশ ঘণ্টা বিশ মিনিট পরে বাদ্যোদ্যমেতে জ্ঞাপন করা গেল যে শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব সমাগত হইলেন।

তৎপূর্ব্বে শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের নিজ সেক্রেটরী ও মিলেটরী সেক্রেটরী ও ফোর্ট উলিয়মের টৌনমেজর সাহেব শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবের সহিত সাক্ষাৎকরণপূর্ব্বক

2d. Assistant Surgeon W. Gordon, M. D. to the Medical Duties of the Civil Station of Mirzapore.

3d. Assistant Surgeon R. J. Brassey, ditto ditto of Jounpore.

The above appointment is not to affect the leave of absence granted to Mr. Brassey, under date the 3d ultimo.

*2nd March.*

Lieutenant Colonel H. T. Tapp, 1st Regiment N. I. to be Political Agent at Subathoo and Commandant of the Nusseeree Battalion, vice Major C. P. Kennedy resigned.

*8th March.*

The Right Honourable the Governor of Bengal has been pleased to confer the title of Khan Bahadoor upon Moulvee Gholam Soobhan, the Cazee-ool-Cozaut of the Presidency Courts of Sudder Dewannee and Nizamut Adawlut.

*2d March.*

Assistant Surgeon J. Baker was appointed on the 6th January last, to be Superintendent of Bullooah Salt Chokies under Act IX. of 1835.

*9th March.*

Mr. F. S. Head has been permitted to proceed to Pooree and prosecute his study of the Oriental Languages at that station.

*2d March.*

The Honourable the Governor is pleased to appoint Mouluvee Kadir Buksh to be Deputy Collector in the District of Hoshungabad, Saugor and Nerbudda Territories.

*26th February.*

The Honourable the Governor has been pleased to appoint Moulvee Gholam Huzrut to officiate as Principal Sudder Aumeen at Futtehpore.

*5th March.*

Lieutenant William Henry Robson Boland, of the 7th Regiment N. I. to be Assistant to the Agent to the Governor in the Saugor and Nerbudda Territories.

Lieutenant Arthur Wheatley, 5th Regiment Light Cavalry, to be Assistant to the Agent to the Governor in the Saugor and Nerbudda Territories.

Lieutenant Wheatley will continue to act in his present Appointment of Town and Fort Major, and Aid-de-Camp to the Governor, until further orders.

# SUMACHAR DURPUN.

SATURDAY, 19TH MARCH, 1836.

*Installation of Sir Charles Metcalfe.*

The ceremony of investing Sir Charles Metcalfe with the Insignia of the Bath took place at Government House on Monday morning. Long before the hour appointed for the ceremony the great Ball Room was filled to such an excess as has scarcely ever been witnessed in Calcutta before. At about 40 minutes past ten o'clock the band pronounced the arrival of Sir Charles Metcalfe.

A Deputation, consisting of the Governor General's Private and Military Secretaries and the Town Major of Fort William, had proceeded in the Governor General's carriages, escorted by a Detachment of the Bo-

তাঁহাকে রাজবাটীতে আনয়নার্থ শ্রীলশ্রীযুতের শকটারোহণ করিয়া তৈনাতি সৈসমভিব্যাহারে খিদিরপুরের নিকটবর্ত্তি হেষ্টিংশ সাঁকোপর্য্যন্ত গমন করিলেন।

অপর কলিকাতাস্থ রাজবাটীর উত্তর বহির্দ্বারে উপনীত হইলে তত্রস্থ দণ্ডায়মান সৈন্যেরা শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে সেলাম করিল তৎসময়ে নবম পদাতিক রেজিমেণ্টের যে সিপাহীরা কর্ম্মান্তরে অনাসক্ত তাহারা এবং গবর্নর জেনরল বাহাদুরের বাটীতে নিযুক্ত সৈন্যেরা ও তৈনাতি অশ্বারূঢ় সৈন্যেরদের অবশিষ্টেরা সকলই ঐ উত্তর বহির্দ্বারাঅবধি রাজবাটীর উত্তরদিকস্থ সোপানপর্য্যন্ত শ্রেণীবদ্ধরূপে দণ্ডায়মান হইল। পরে শ্রীল শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের বাটীতে নিযুক্ত বাদ্যকরেরা ঐ সিপাহীরদের সেলাম দৃষ্টে বাদ্যারম্ভ করিল।

অপর শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব যে ক্ষণে শকটহইতে অবরোহণ করিলেন তৎক্ষণেই শ্রীযুত মেজর জেনরল উয়াটসন সাহেব ও শ্রীযুত ব্রিগডিয়র ব্রৌন সাহেব ও শ্রীযুত সর তামস আনবরি অর্থাৎ গোলন্দাজ ও ইঞ্জনিয়রের অধ্যক্ষ সাহেব সাক্ষাৎ করিয়া তাঁহাকে আয়ন করিলেন।

অনন্তর রাজাট্টালিকার সোপানের উপরিভাগে উত্তীর্ণ হইলে গবর্ণমেণ্টের নানা দপ্তরের সেক্রেটরী সাহেবেরা সমাগত হইয়া শ্রীলশ্রীযুতকে গ্রহণপূর্ব্বক অট্টালিকার মধ্যে লইয়া গেলেন।

ইহার পূর্ব্বেই শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর প্রধান প্রকোষ্ঠের অপর সীমাস্থ সিংহাসনোপবিষ্ট হইলে প্রধান২ সিবিল ও যুদ্ধসম্পর্কীয় কর্ম্মকারক সাহেবেরা উভয় পার্শ্বে দণ্ডায়মান থাকিলেন। তৎসময়ে শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর এবং শ্রীযুক্ত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবব্যতিরেকে অন্য কোন ব্যক্তিরই গ্রাণ্ড ক্রাস অর্থাৎ যে উপাধি শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে প্রদানীয় সেই উপাধি ছিল না। শ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব বাহিরে গিয়া শ্রীশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবের হস্ত গ্রহণপূর্ব্বক শ্রীযুত সর জরিমায়া ডিকসন সাহেব ও নানা দপ্তরের অধ্যক্ষ সাহেবেরদের সমভিব্যাহারে মধ্য দ্বার দিয়া ঐ প্রধান প্রকোষ্ঠে শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের সম্মুখে আনয়ন করিলেন এবং তাঁহারদের অগ্রে২ শ্রীযুত উলিয়ম হে মাকনাটন সাহেব রক্তবর্ণ বেলূরাচ্ছাদিত উপধানোপরি ঐ বাথ উপাধির তাবচ্চিহ্ন আনয়ন করিলেন। অনন্তর শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেব গাত্রোত্থানপূর্ব্বক শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ড বাদশাহের পত্র হস্তে লইয়া শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে সম্বোধনপুরঃসর অতিসদ্বক্তৃতা করিলেন। ঐ বক্তৃতাসূচক যে রিপোর্ট কুরিয়র সম্বাদপত্রে প্রকাশ হইয়াছে তদ্বিবরণ স্থানাভাবের অসৌভাগ্যপ্রযুক্ত আমরা দর্পণস্থ করিতে পারিলাম না। কিন্তু আমারদের বক্তব্য যে ঐ প্রস্তাব অত্যুপযুক্ত ছিল এবং টাইমস সম্বাদপত্রে শ্রীলশ্রীযুতের বক্তৃতাশক্তিবিষয়ে যে গ্লানি লেখে তাহা ঐ বক্তৃতা শ্রবণেতে বোধ হইল যে অমূলকই। সকলই নিঃশব্দে চিত্রার্পিতের ন্যায় সেই বক্তৃতা শ্রবণ করিয়া সমাপ্তি হইলে একেবারে জয়২ধ্বনি করিলেন। তদনন্তর শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর স্বহস্তে শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবের স্কন্ধোপরি ঐ উপাধির রক্তবর্ণ চিহ্ন পরিধান করাইয়া বক্ষস্থলোপরি তারা ধারণ করাইলেন। এই ব্যাপারের পর শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব অত্যুত্তম বক্তৃতাকরত কহিলেন যে ইহা আমার অনপেক্ষিত সম্ভ্রম এবং

dy Guard to Hastings' Bridge, for the purpose of meeting Sir Charles Metcalfe, and conducting him to Government House.

On his arrival at the Northern Gate of the Area of Government House, Sir Charles Metcalfe received the salute of the Troops under arms, consisting of all the men of the 9th Regt. N. I. off duty, the Stationary Guard of the Governor General and the remaining men of the Body Guard, the whole forming a street extending from the Northern Gate of the Area, to the Northern Staircase of the Government House. The Governor General's Band stationed in the Portico accompanying the salute with the music of "God Save the King."

On alighting from his carriage, Sir Charles Metcalfe was received by a second Deputation, consisting of Major General Watson, C. B. and Brigadier Brown, C. B. and Sir Thomas Anburey, Kt. the Commandants of Artillery and Engineers.

At the head of the stairs leading to the upper floor of the Government House, Sir Charles Metcalfe was received by a third Deputation, consisting of the Secretaries to Government in the several Departments.

The Right Honourable the Governor General having previously taken his seat on a Chair of State at the upper end of the Grand Saloon, and the Chief Civil and Military Authorities being ranged on each side, Sir Charles Metcalfe, supported by His Excellency the Commander-in-Chief, being the only Knight Grand Cross (with the exception of his Lordship the Governor General) then present, and Sir Jeremiah Dickson, K. C. B. attended by the Members of the several Departments, preceded by the Secretary in the Political Department, bearing on a Velvet Cushion the insignia of the Order of the Bath, advanced through the centre door of the Grand Saloon in front of the Chair of State.

Lord Auckland then rose and holding the patent open in his hand, addressed Sir Charles Metcalfe, in a speech, of which, we believe, the following version will be recognized by those who heard it to be very nearly the words:

We are sorry that we have not room to give the speech as reported in the Courier, but we may add, that it was exceedingly appropriate to the occasion, and was a complete refutation of the slanders propagated by the Times regarding his Lordship's capacity as a speaker. The speech was listened to with profound attention, and was followed by a burst of universal applause. His Lordship then placed the red ribbon over the shoulder of Sir Charles, and fixed the star on his breast. After this ceremony Sir Charles made a short and very appropriate speech, in which he declared how deeply he

এই সম্ভ্রম শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ড বাদশাহের প্রতিনিধি আমাকে যে প্রদান করিলেন ইহাতে আমি অত্যন্তোপকৃত হইলাম।

এই বক্তৃতাকরণানন্তর শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেব শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবের হস্ত ধারণ করিয়া সেলাম করিলেন অনন্তর শ্রীলশ্রীযুতের ভগিনীদ্বয়ও তদ্রূপ ব্যবহার করিলেন।

অপর রাজবাটীহইতে শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবের প্রত্যাগমনসময়ে সাহেবলোকেরা পূর্ব্বে অগ্রসর হইয়া তাঁহাকে আনয়ন করিয়াছিলেন তাঁহারা ও তৈনাতি সৈন্যেরা সঙ্গে২ অনুবৃজ্যা করিলেন।

---

বেলুন।

গত বুধবার অপরাহ্নে কলিকাতাস্থ ও এতদ্দেশীয় প্রায় তাবৎ লোকেরা শ্রীযুত রাবর্টসন সাহেবের বেলুন যন্ত্রোদ্‌গমন দর্শনার্থ বহির্গত হইয়াছিলেন। ভারতবর্ষীয় মাঠহইতে যন্ত্রের এই প্রথম উদ্‌গমন হয়। এক২ কেরাঞ্চির ভাড়া ৬ টাকার ন্যূন হইয়াছিল না ডিঙ্গীওয়ালারাও ৪ টাকা ভাড়া চাহিল। ফলে এমত বোধ হইল কলিকাতাস্থ তাবল্লোকই তথায় গমন করিয়াছিল। অপর নিয়মিত সময়ে ঐ বেলুন গাসেতে পরিপূর্ণ হইয়া অপরাহ্নে পাঁচ ঘণ্টাসময়ে শ্রীযুত রাবর্টসন সাহেব শকটারোহণকরণানন্তর রজ্জুচ্ছেদন হইল এবং বাদ্যকরেরা বাদ্য আরম্ভ করিল এবং ঊর্দ্ধগামি সাহেব সহস্র২ লোকেরদের জয়ধ্বনিতে উৎসাহী হইয়া একেবারে আকাশপথে গমন করিলেন। কিন্তু ঐ বেলুনযন্ত্র পোয়াক্রোশের কিঞ্চিদধিক উদ্‌গুত হইলে বেলুন অতিশীঘ্র২ নামিতে লাগিল তাহাতে শ্রীযুত বারটসন সাহেব কোন স্থানে কিছু আঘাতাদিগ্রস্ত না হইয়া ভূমিতে পাদার্পণ করিলেন। শুনা গিয়াছে যে তিনি কলিকতায় কিল্লার মাঠহইতে পুনর্ব্বার ঊর্দ্ধে গমন করিবেন। এবং দরিদ্র লোকেরা তথায় গিয়া স্বচ্ছন্দে তাহা দেখিতে পাবে এনিমিত্ত টিকিটের মূল্যও কম করিবেন।

---

শুনা গেল শ্রীযুত রাবর্টসন সাহেব শ্রীযুত রাজা বৈদ্যনাথের উদ্যানহইতে বেলুনযন্ত্রোদ্‌গমনাকরণদ্বারা তাঁহার প্রতি নিরপেক্ষতা প্রকাশকরাতে তিনি খেদিত হইয়া ঐ সাহেবকে কহিয়াছিলেন যে আমার বাগানে এই ব্যাপার হয় এতন্নিমিত্ত দিদৃক্ষু স্বাক্ষরকারিরদের স্থানে যত টাকা পাইবেন তাহার দ্বিগুণ টাকা আমি দিব। কিন্তু সাহেব কহিলেন যে স্বাক্ষরকারিরদের নিকটে আমি যদ্রূপ অঙ্গীকার করিয়াছি তাহার অন্যথা কদাচ করিতে পারি না।

---

ব্যবস্থাপক কমিস্যন।

কলিকাতাস্থ ব্যবস্থাপক কমিস্যনর সাহেবেরা গত শুক্রবারে শ্রীযুত সেক্রেটরী সাহেবের সমভিব্যাহারে ছোট আদালতে কিরূপ বিচার হয় তাহার তদারক নিমিত্ত গমন করিলেন।

---

বরফ।

আমেরিকা দেশহইতে সংপ্রতি যে বরফ আসিয়াছে তাহা বিক্রয় হইতেছে বিশেষতঃ পূর্ব্ব অস্বাক্ষরকারিরদিগকে সের প্রতি ।০ মূল্যে দেওয়া যাইতেছে। জাহাজে যে ৪০০০ মোন বরফ বোঝাই হইয়াছিল তন্মধ্যে ৯০০ মোন পথিমধ্যে গলিয়া গিয়াছে। কএক শত পিপা পূর্ণ আমেরিকা দেশীয় আপলনামক অতিসুস্বাদু ফল প্রায় টাটকামতই পঁহুছিয়া এই

felt the unexpected honour, and the highly flattering manner in which it had been conferred by His Majesty's representative.

At the conclusion of this speech Lord Auckland advanced to shake him cordially by the hand, in which cheerful ceremony he was followed by the Misses Eden.

Sir Charles Metcalfe returned from Government House, accompanied by the Members of the first Deputation and escorted by the Body Guard.

---

*Balloon.*

On Wednesday afternoon, all Calcutta, at least the native community, poured forth to witness the ascent of Mr. Robertson in a balloon, the first which has ever ascended from the plains of India. Not a common kranchy was to be obtained under six Rupees, not a dingy under four; all the town seemed to pour forth to witness the ascent. At the appointed time, the balloon having been duly inflated with gas, about five o'clock in the afternoon, Mr. Robertson ascended his car, the ropes were cut, the band struck up, and the æronaut ascended amidst the shouts of thousands. But the balloon had not gone up more than three thousand feet, when it began rapidly to descend. Mr. Robertson alighted on the ground without sustaining the least injury. We are happy to hear that he intends to make another ascent from the plain between the fort and the city, and that he proposes to reduce the price of his tickets so as to enable the poorer classes to obtain seats.

---

We understand that Raja Buddenath was greatly incensed at losing the honour of entertaining the Aeronaut, and actually offered Mr. Robertson a large sum of money—more than twice the amount of the subscription he has raised—if he would consent to let the Balloon go up from the Raja's garden, and exclude the Europeans altogether. Much to the credit of Mr. Robertson, he said that no temptation should make him forfeit his pledge to his subscribers.

---

*The Law Commissioners.*

The Law Commissioners, attended by their Secretary, made an official visit to the Court of Requests on Friday last, to examine the course of proceeding adopted in that Court.

---

*The Ice.*

The Ice imported from America is now in the course of delivery in Calcutta, at the rate of Four Annas the seer to non-subscribers. Of the hundred and fifty tons brought out, only about thirty tons have perished during the voyage. Several hundred barrels of American apples have also been received in the freshest bloom,

ক্ষণে কলিকাতায় বিক্রয় হইতেছে। ইহার পাঁচ বৎসর পূর্ব্বে কোন ব্যক্তির এমত বোধ ছিল না যে সপ্তসহস্র ক্রোশ হইতে বরফ আনীত হইয়া অতিগ্রীষ্মসময় মার্চ মাসে কলিকাতায় বিক্রয় হইতে পারে এবং ইঙ্গলণ্ড দেশে যদ্রূপ টাটকা সুস্বাদু আপল ফল পাওয়া যায় তদ্রূপই ভারতবর্ষের রাজধানীতে আনীত হইয়া তাহা বিক্রয় হইবে।

---

নূতন টাকা।

কিয়ৎকালাবধি কলিকাতার বাজারে স্বার্থপর পোদ্দারেরদের দ্বারা এমত জনরব উত্থাপিত হইয়াছে যে গবর্ণমেণ্ট নূতন টাকাসকল ফিরে লইবেন কিন্তু এই কথা নিতান্তই অমূলক এই জনরবচ্ছল করিয়া তাহারা টাকাপ্রতি ৬ পয়সা করিয়া বাঁটা লইতেছে। কথিত হইয়াছে যে পোদ্দারেরা এমত সাহসী যে তাহারা ঢোল পিটাইয়া এই জনরব সত্যবৎ রাষ্ট্র করিয়াছে সুতরাং ইহাতে দরিদ্র লোকেরা বোধ করে যে ঢেঁড়রার দ্বারা যে ঘোষণা হয় সে অবশ্যই সত্য হইবে।

---

বাষ্পীয় জাহাজবিষয়ক দরখাস্ত।

বাষ্পীয় জাহাজের নিমিত্ত যে দরখাস্ত ইঙ্গলণ্ড দেশে প্রেরণার্থ প্রস্তুত করা গিয়াছে তাহা সংপ্রতি ১৩০০ ব্যক্তিকর্ত্তৃক স্বাক্ষরিত হইয়াছে।

---

নূতন চিকিৎসা শিক্ষালয়।

এতদ্দেশীয় লোকেরদের নিমিত্ত গত বৃহস্পতিবারে নূতন চিকিৎসা শিক্ষালয়ের কার্য্য আরম্ভ হয়। তাহাতে শ্রীযুত ব্রামলি সাহেব যথোচিত বক্তৃতা করিলেন। ঐ শিক্ষালয়ে শ্রীলশ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ও শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব ও বহুতর বিশিষ্ট বরিষ্ঠ ব্যক্তি এবং চিকিৎসালয়ের সহকারি এতদ্দেশীয় ও ইউরোপীয় জনগণ উপস্থিত ছিলেন।

---

সিঁধালচোর ধরাপড়া।

হরকরাপত্রের দ্বারা অবগত হওয়া গেল যে পোলীসের উদ্যোগে ভারি এক দল সিঁধালচোর সিঁধকাটি ও এক মোট কাপড়সমেত ধরা পড়িয়াছে। ঐ কাপড় গত সোমবার রাত্রে এক রজকীর ঘরহইতে চুরি করে। এবং কলিকাতা শহরের পদ্মপুকুর ও পটোলডাঙ্গার নানা বাটীহইতে যে সকল জিনিস চুরি করে তাহাও ঐ সিঁধালের স্থানে পাওয়া গেল। পোলীসসংক্রান্ত দুই জন চৌকিদার এক ব্যক্তি বোতলবিক্রেতার দোকানে অন্বেষণ করিয়া ঐ রজকীর এক বস্তা কাপড় পাইল। রজকী গত দিবসীয় প্রাতঃকালে যে ব্যক্তির ঐ কাপড় তাহাকে দেওনার্থ বস্তা বাঁধিয়া রাখিয়াছিল। ঐ চোরেরদের এক জন কহিয়াছিল আমার নাম ডাক্তর বদন কিন্তু তাহাকে পোলীসে লইয়া গেলে জানা গেল যে নাপিত এবং ঐ ধোবানীর অতিনিকট প্রতিবাসী।

---

পেঁড়ুয়াতে খুন।

কিয়দ্দিবস হইল পেঁড়ুয়াতে ডাকাইতি হওন রাষ্ট্র হইয়াছিল। ঐ গ্রাম এই শহরহইতে ১৫ ক্রোশ অন্তরিত হইবে। ঐ গ্রামস্থ চৌকিদারেরা দস্যুরদের কএক জনকে হত করাতে কথিত আছে সঙ্গি দস্যুরা হত দস্যুরদিগকে কেহ চিনিতে না পারে এনিমিত্ত তাহারদের মস্তক কএকটা কাটিয়া লইয়া ছিল। ঐ দস্যুরদের যে ক

and are now selling in Calcutta. Who would have thought five years ago that we should have been enjoying the luxury of ice, imported fourteen thousand miles in the scorching month of March, and that apples as fresh and delicious as any procurable in England, would have been exposed for sale in the metropolis of the East?

---

*The Currency.*

A rumour has been for sometime spread in the Bazar of Calcutta by the interested Podars, that Government intended to call in the new coinage, than which nothing can be more unfounded. Under the skreen of this report they have been exacting six pice in the Rupee from the public. It is even stated that the Podars had the impudence to proclaim it by beat of drum, which with the poor natives is always deemed a proof of authenticity.

---

*Steam Petition.*

The Steam petition, which is about to be sent home to England, has already 1300 signatures.

---

*New Medical College.*

The new Native Medical College was open yesterday morning, when Principal Bramley delivered an appropriate address. The Governor General, Sir Charles Metcalfe, and many other distinguished members of society and friends of education, Native as well as European, were present on the occasion.

---

*Arrest of Burglars.*

We learn from the Hurkaru that the Police have succeeded in apprehending a large gang of burglars with their implements of house breaking, and a quantity of wearing apparel, which had been stolen from a washerwoman on the night past, and also several articles which had been stolen from houses in the Puttuldanga and Puddopookur divisions of the town. In the search by the police, a bottle seller's shop was visited by two constables, and in it was found a large bundle of linen belonging to the washerwoman which she had made up for delivery to her customers yesterday morning. One of the gang gave his address as Dr. Bhuddun, but on being taken to the Police he was recognized as a barber. He proved to be the next door neighbour of the washerwoman.

---

*Murder at Perooah.*

A report has been for some time current, of a robbery committed at Perooah, a village about thirty miles from this town, in which several of the dacoits were killed by the burkundauzes. Their companions, it is said, cut off the heads of the slain and took them away that they might not be recognized. Five of the robbers

কএক জন পলায়ন করে তাহারদের পাঁচ জন অত্যন্তাঘাতী হইয়াছে।

## নগরীয় মাসুল।

সম্বাদপত্রের দ্বারা অবগত হওয়া গেল যে কষ্টম বোর্ড বঙ্গদেশীয় তাবৎ প্রদেশের নগরীয় মাসুল উঠাইয়া দেওনার্থ গবর্ণমেণ্ট নিবেদন করিয়াছেন। এবং চেম্বর অফ কমর্স অর্থাৎ বাণিজ্য সমাজও তদ্বিষয়ে এক আবেদন পত্র গবর্ণমেণ্টে অর্পণার্থ উদ্যোগী আছেন। ভরসা করি যে ঐ সকল আবেদন পত্রের দ্বারা আমারদের এই সুফল দর্শিবে যে শহরীয় মাসুলের সঙ্কটহইতে রক্ষা হইবে।

কুরিয়র পত্র দর্শনে আমারদের আশ্চর্য্য বোধ হইতেছে যে পূর্ব্বে নগরীয় মাসুলে ৩ লক্ষ টাকারও অধিক উৎপন্ন হইত কিন্তু সংপ্রতি ৯০,০০০ টাকা ন্যূন হইয়াছে। চিনির মাসুল যত্ত উৎপন্ন হইত তাহার পাঁচ অংশের একাংশও এইক্ষণে হয় না।

## হাবড়া।

অবগত হওয়া গেল যে হাবড়ানিবাসি শ্রীযুত করি সাহেব ও শ্রীযুত মাকেঞ্জি সাহেব এই বিষয়ে শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেবের নিকটে এক দরখাস্ত দিয়াছেন যে এক জন মাজিস্ত্রেট না থাকাতে অত্রস্থ লোকেরদের অত্যন্ত ক্লেশ হইতেছে যেহেতুক এইক্ষণে আলিপুরে মাজিস্ত্রেটী কাছারী হওয়াতে দীন দরিদ্র লোকেরদের নালিসকরণ ও সাক্ষ্যদেওন উভয়নিমিত্তই নদীর পারাপারেতে অধিক দুঃখ ও খরচান্ত হয়।

## দৈবঘটনা।

যে লৌহনির্ম্মিত নৌকা টাকা লইয়া সংপ্রতি সুন্দরবন দিয়া বাষ্পীয় জাহাজাকর্ষণেতে আসিতেছিল তাহাতে নীচে লিখিত রূপ অত্যাশ্চর্য্য দৈব ঘটনা হয়।

গত ৮ তারিখে বুধবার রাত্রি এগার ঘণ্টার কিঞ্চিৎ পূর্ব্বে তৈনাতি সৈন্যাধ্যক্ষ শ্রীযুত লেপ্তেনন্ত মার্শল সাহেব ঐ জাহাজের উপরিভাগে একটা মহাগণ্ডগোল হওয়াতে জাগৃত হইয়া বোধ করিলেন যে ডাকাইত পড়িল তৎক্ষণাৎ শয্যাহইতে লম্ফ প্রদান করিয়া তলওয়ার খুলিয়া যেমন সিঁড়িতে অতিত্বরায় উঠিতেছিলেন তেমনি হঠাৎ মস্তকে ও গলদেশে একটা আঘাত লাগিয়া পৃষ্ঠাদেশাচ্ছাদন চিরিয়া গেল। তৎপ্রযুক্ত সিঁড়িহইতে নীচে পড়িলেন এবং তাহাতে শরীর একেবারে রক্তাক্ত হইল। এক মিনিট পরে জাহাজের কাপ্তান সাহেব তাঁহাকে উচ্চস্বরে ডাকিতেছেন এমত শুনিতে পাইলেন। তাহাতে ঐ সিঁড়ি দিয়া পুনর্ব্বার বেগে ছাদের উপরি উঠিয়া দেখিলেন যে একটা ব্যাঘ্রের আক্রমণেতে তদ্রূপ হাঁকা হাঁকি শব্দ হইয়াছিল এবং তাঁহার এক জন বেহারা ঐ ব্যাঘ্রকর্ত্তৃক হত হইয়া ছাদে পড়িয়া রহিয়াছে। ব্যাঘ্র তাহার গল দেশ দংশন ও দক্ষিণ কক্ষে অত্যন্ত আঘাত করিয়াছে। জাহাজের দক্ষিণ পার্শ্বে যে ক্ষুদ্র নৌকা বাঁধা ছিল তদবলম্বনে ব্যাঘ্র উঠিয়াছিল যদ্যপি তৎসময়ে মার্শল সাহেব ঐ সিঁড়ির উপরি আর কিঞ্চিন্মাত্র উঠিতেন তবে অবশ্যই মারা পড়িতেন।

who have escaped are said to have been desperately wounded.

### *Town Duties.*

We understand from the papers that the Board of Customs have recommended to Government the abolition of all the town duties through all the provinces of the Bengal Presidencies, and that the Chamber of Commerce are about to present a representation upon the same subject to Government. We hope that these representations will have the good effect of delivering us from these duties. We are a little surprized to learn from the Courier that these duties which formerly exceeded three lakhs of Rupees, have lately dwindled down to 90,000 Rs. The town duty on sugar does not at present yield more than one-fifth of what it yielded formerly.

### *Howrah.*

It is understood that Mr. Currie and Mr. Mackenzie, both residents at Howrah, have represented to Lord Auckland, the great inconvenience which the inhabitants of Howrah suffer from being without any Magistrate. The Magistrate's Cutcherry is at present held at Allipore, and the poorer classes are obliged to cross the river both for the purpose of lodging complaints and of giving evidence, and are exposed to great trouble and expense.

### *Singular Occurrence.*

The following exraordinary accident has just occurred on the Flat, coming up with treasure on board through the Soonderbuns, towed by the Steamer.

On the evening of Wednesday, the 8th instant, a little before eleven, Lieut. Marshall, commanding the treasure escort, was awoke by a disturbance on the deck which appeared to be an attack on the vessel by the dacoits. He jumped out of bed, and drew his sword, and was rushing up the hatchway, when he received a tremendous blow on the head and neck, and his clothes at the same time were torn upon his back. He was knocked down the hatchway and instantly covered with blood. About a minute afterwards, having a little recovered from the blow, he heard the Captain of the Steamer calling him as loudly as possible. He made a second rush, and arriving on the deck, found that the disturbance had been caused by a tyger which had come on board; the body of his bearer mangled by the tyger was lying lifeless on the deck with his neck completely bit through, and a severe wound on the right breast. The animal had first got on the dingy fastened along side the starboard after gangway, and from thence had rushed on the deck. Had Lieut. Marshall been one step higher on the hatchway, he must inevitably have been killed. Fearing that the tyger might return on board, the

পরে ঐ জাহাজাধ্যক্ষ সাহেব ব্যাঘ্রের পুনরাক্রমণ বিষয়ে ভীত হইয়া আড়াই ক্রোশ দূরে গিয়া জাহাজ লঙ্গর করিলেন।

## ইঙ্গলণ্ড দেশে যাত্রা।

গত সপ্তাহে যে রোবার্টসনামক জাহাজ ইঙ্গলণ্ড দেশে যাত্রা করিয়াছে তাহাতে শ্রীযুত চিনরী সাহেব আরোহী আছেন। ঐ সাহেব শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ড বাদশাহের নিমিত্ত মুরশিদাবাদের শ্রীযুত নওয়াবের প্রদত্ত উপঢৌকন দ্রব্যাদি লইয়া যাইতেছেন। শুনা গিয়াছে যে ঐ সকল দ্রব্যাদির মধ্যে অতিমনোরঞ্জক মণিমুক্তাদিতে রচিত স্বর্ণময় অতিসুদৃশ্য এক আসনও অত্যুৎকৃষ্ট এক তলওয়ার ও হস্তিদন্তনির্ম্মিত নানাবিধ দ্রব্য এবং কৌচ টিপাই ইত্যাদি বহুবিধ এতদ্দেশীয় শিল্পিদ্রব্য এতদতিরিক্ত এবং শ্রীযুত হচিন্সন সাহেবকর্তৃক চিত্রিত নওয়াবের এক ছবি আছে। হচিন্সনসাহেবের চিত্রবিদ্যাতে যাদৃশ নৈপুণ্য তাহা প্রায় সকলই অবগত আছেন। আমরা বোধ করি যে এই সকল অতিসমাদরণীয় চিহ্ন শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ড বাদশাহ উপযুক্তমতেই গ্রহণ করিবেন। তাঁহাকে মুরশিদাবাদের নওয়াব যেরূপ সম্ভ্রম করেন তাহার চিহ্নস্বরূপ ঐ সকল দ্রব্য বোধ করিবেন।

## গুমসর।

গুমসরের যুদ্ধ পূর্ব্ববৎ অশেষাবস্থই আছে অতএব অধিক সৈন্যের নিমিত্ত নিবেদিত হওয়াতে এইক্ষণে সৈন্য গমনার্থ জাহাজ ভাড়াও হইয়াছে। বোধ হয় যে প্রাচীন রাজাও অদ্যাপি জীবিত আছেন এবং এমত সম্ভাবনা যে পুনর্ব্বার ক্লেশ দেওনেও অভিপ্রায় আছে। কমিস্যনর সাহেবের নিকটে যুবরাজের আত্মসমর্পণার্থ আগমনসময়ে সমভিব্যাহারে যে সকল লোক আসিয়াছিল তাহারা পলায়ন করিয়াছে।

অবগত হওয়া গেল যে সংপ্রতিকার চানকের এক পল্টন সৈন্য এই অভিপ্রায়ে কটকে গমনার্থ হুকুম পাইয়াছে যে কটকস্থ সৈন্যেরা গুমসরের যুদ্ধে যাইতে পারে!

## বেগম শমরু।

মৃতা বেগম শমরুর প্রাচীন কর্ম্মকারকেরদের দাওয়াবিষয়ে গবর্ণমেণ্টের যে মানস ছিল তদ্বিষয়ক প্রস্তাব আমরা জ্ঞাত না হইয়া পূর্ব্বে লিখিয়াছিলাম কিন্তু তৎপরে অবগত হওয়া গেল যে গবর্ণমেণ্ট ঐ কর্ম্মকারকেরদের মুশাহেরা বজায় রাখণার্থ সরকারী কার্য্যোপলক্ষে তাহারদিগকে যে মুশাহেরা দেওয়া গিয়াছে তাহার ফর্দ্দ চাহিয়াছেন। অতএব আমারদের ভরসা আছে যাঁহারা বিলক্ষণ কার্য্যোপযুক্ত তাঁহারদেরই মুশাহেরা মঞ্জুর থাকিবে। অপর বেগমশমরু যে ৫০ হাজার টাকা দান করিয়া যান তাহার সুদেতে সুদীন ব্যক্তিরদের ভরণপোষণ হইবে। কিন্তু যাঁহারা কেবল স্বার্থার্থ যুদ্ধ বিগ্রহ হইয়া গেলেপর বেগমের চাকরীতে প্রবর্ত্ত হইয়াছিলেন তাঁহারদের ঐ টাকাতে প্রত্যাশা নাই এবং ব্রিটিস গবর্ণমেণ্টের বিবেচিত বিষয়ের উপরেও কোন দাওয়া নাই। এইক্ষণে শ্রীযুত ডাইস শমরু দিল্লীতে গমন করিয়াছেন।

শ্রুত হওয়া গেল যে মৃতা বেগম শমরুর যে সকল অস্ত্রশস্ত্র ছিল তাহাতে গবর্ণমেণ্ট ইহা বলিয়া দাওয়া করিয়াছেন যে তাঁহার অস্ত্রশস্ত্রে তাঁহার উত্তরাধিকা

Commander of the vessel steamed up the river about five miles and anchored for the night.

### *Presents to England.*

The *Robarts*, which sails for England this morning, carries, under the charge of Mr. Chinnery, a considerable number of very handsome presents from the Nuwaub of Moorshedabad to His Majesty the King of Great Britain. Amongst these we are informed there is a superb golden chair set with jewels in the most tasteful manner imaginable; a sword exquisitely ornamented; a variety of beautiful ivory articles, couches, teapoys, &c.; and all sorts of native manufactures. Besides these the Nuwaub sends a picture of himself painted by Mr. Hutchinson, with whose skill in the art many of our readers are, we believe, quite familiar. We have no doubt that these marks of consideration will be properly recognized by our generous Sovereign, and registered as a satisfactory proof of the esteem in which the British nation is held by the Nuwaub of Moorshedabad.—*Engl.*

### *Goomsur.*

The Goomsur campaign appears to be as far from completion as ever. Additional troops have been called for, and another transport has been taken up to convey them. The old Raja seems to be still alive, and likely to give trouble again. Those who accompanied the young Raja when he surrendered himself to the Commissioner have deserted.

We understand that one of the Regiments now stationed at Barrackpore has been ordered to proceed to Cuttack, to enable the Regiment at Cuttack to assist in the Goomsur campaign.

### *Begum Somroo.*

Our remarks on the intentions of Government, regarding the claims of the old servants of Her Highness the late Begum Somroo, were somewhat premature, for it has since come to our knowledge, that Government have required a list of all pensions granted for public services, as a preparatory measure to continuing them. We are confident thos e really worthy, will be recommended; whilst the interest of half a lakh bequeathed by the Begum, will support many deserving objects. Those who entered the service for their profit, subsequent to the days of warfare and battle, can have but little hope, and less claim on the consideration of the British Government. Mr. Dyce Somroo has been on a visit to Delhi.

We hear that the Government have laid claim to all the arms and military stores, devised by the late Begum Somroo, considering the whole as the

রির অধিকার নাই কিন্তু সে রাজ্য সম্পত্তির মধ্যেই গণ্য। এই বিবাদ নিষ্পত্তিহওনপর্য্যন্ত তাহা দিল্লীর অস্ত্রাগারে রাখা গিয়াছে। উত্তরকালীন এতদ্বিষয়ক নিষ্পত্তিবার্ত্তা শ্রবণে আমারদের লালসা আছে।

---

### মালবার আফীন।

১৮৩৫ সালে বোম্বাইহইতে যে মালবাদেশীয় আফীন কাণ্টননগরে রফ্তু হয় তাহার মূল্য ১,২৫,০০,০০০ টাকা সংপ্রতিকার কুরিয়রপত্রে লিখিত আছে। পনর বৎসর হইল ঐ আফীনের এক সিন্দুকও রফ্তু হইত না কিন্তু ইঙ্গলণ্ডীয় সওদাগরেরদের ও বৃটিস গবর্ণমেণ্টের উদ্যোগে এই নূতন ব্যবসায়ের সৃষ্টি হয় তাহাতে মালবাদেশে কৃষিকার্য্যেরও মহোপকার হইয়াছে এবং বোধ হইতেছে ঐ অঞ্চল ভারতবর্ষের মধ্যে সর্ব্বাপেক্ষা সমৃদ্ধ হইবে। অতিপ্রামাণিক এক জন পত্রপ্রেরক লেখেন যে ঐ বাণিজ্যেতে মালবাদেশীয় প্রত্যেক গ্রামের রাজস্ব বর্দ্ধিত হইয়াছে এবং কোন২ গ্রামে অধিক আফীন উৎপাদনেতে গত ১৫ বৎসরের মধ্যে রাজস্ব দ্বিগুণাপেক্ষা অধিক হইয়াছে।

---

### দেশীয় ভাষা।

যে সময় ত্রিবিলয়ন সাহেবের নিয়ম বঙ্গদেশে এমত বাহুল্যরূপে চলিতেছে সে সময় ইহা অল্প সন্তোষের বিষয় নহে যে বোম্বাইর গবর্ণমেণ্ট সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থএমত ইশ্তেহার দিয়াছেন যে যে২ প্রদেশে যে২ ভাষা চলিত আছে তাহার রাজকর্ম্ম সেই ভাষায় নির্ব্বাহ করিতে হইবে এবং সামান্য সিবিলসম্পর্কীয়ের উচ্চপদ অর্থাৎ প্রথম ও দ্বিতীয় আসিষ্টাণ্টী পদ প্রাপণার্থ মহারাষ্ট্রীয় ও গুজরাটী ও কানেরী ভাষা সুন্দররূপে শিক্ষা করিতে হইবে ইহা না হইলে নয়।

---

### নিমচে ডাকাইতি।

গত মাসের শেষে নিমচে অতিদারুণ এক ডাকাইতী হয়। ন্যূনাধিক ৬০ জন দলবদ্ধ হইয়া সায়ংকালেই তৈনাতি সৈন্যেররদের সমক্ষে উপস্থিত হইয়া তাহারদের উপরে তিনবার গুলি করিল পরে সৈন্যেরা তাহারদের প্রতি গুলি করিয়া হটিয়া যাওয়াতে দস্যুরা আক্রমণপূর্ব্বক রাজকোষের সিন্দুক ভাঙ্গিয়া ৬০০০ টাকা লইল। কিন্তু তৎক্ষণেই অনেক সোর সরাবৎ করা গেল তৎপ্রযুক্ত দস্যুরা পরাঙ্মুখ হইয়া পলায়ন করিল। কিন্তু গুলির দ্বারা দস্যুরদের দুই জন ও তলওয়ারের আঘাতে এক জনহত হইল। অবশিষ্ট দুষ্টেরা লুঠিত টাকা লইয়া পলায়ন করিল।

---

### বোম্বাইর রাজস্ব।

কিয়ৎকালাবধি রিফার্ম্মর সম্বাদপত্রে ভারতবর্ষের রাজস্ববিষয়ক এক পত্র প্রকাশ হইয়াছিল তাহাতে বোম্বাই কুরিয়র পত্রসম্পাদক নীচে লিখিতব্য উত্তর লিখিয়াছেন যে ১৮৩২ সালের পরঅবধি বোম্বাইরাজধানীর রাজস্ব বার্ষিক ১০ লক্ষ টাকা করিয়া বৃদ্ধি হইতেছে এবং প্রায় তত্তুল্য টাকাও ব্যয়ে ন্যূন করা গিয়াছে। ইহার ফল এই যে গত বৎসরের মধ্যে বোম্বাইর গবর্ণমেণ্টের তাবৎ খরচ ও ভারতবর্ষের যুদ্ধ জাহাজসম্পর্কীয় সমুদায় খরচের আনুকূল্য ঐ রাজস্বহইতেই হইবে। এবং বর্ত্তমান বৎসরে উত্তরোত্তর রাজস্ব বৃদ্ধি হওয়াতে অনুমান হয় যে তাহাতেই গবর্ণমেণ্টের এই বৎসরের তাবৎ খরচ কুলাইবে।

---

### ইন্দোর।

কলিকাতা কুরিয়র সম্বাদপত্রের দ্বারা অবগত হওয়া গেল যে সাগর ও মাউস্থানে যে সৈন্যেরা আছে তাহারা রণস্থলে উপস্থিত হইয়াছে যেহেতুক সিন্ধিয়া ও হোলকর রাজ্য অতিবিশৃঙ্খল আছে। হোলকর রাজ্যের রাজধানী ইন্দোর অস্ত্রধারি লোকেতে পরিপূর্ণ হইয়াছে এবং তচ্চতুর্দিকস্থ নগর ও গ্রাম সকল লুঠিত হইয়াছে।

---

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

### দরবার।

গত ১০ মার্চ বৃহস্পতিবারে দিবা এগার ঘণ্টার সময়ে রাইট আনরবল শ্রীলশ্রীযুক্ত জর্জ লার্ড অকলণ্ড নাইটগ্রাণ্ড ক্রাস আফ দি মোষ্ট আনরবল মিলেটরী আরডর অফ দি বেথ গবর্নর্ জেনরল বাহাদুর গবর্ণমেণ্ট হৌসে এক মহা সভা অর্থাৎ দরবার করিয়াছিলেন ঐ দরবারে আহ্বান পত্রানুসারে এতদ্দেশীয় এবঞ্চ ভিন্নদেশীয় নবাব ও রাজা ও সুবাজাতের উকীল ও বাবুপ্রভৃতি পশ্চাল্লিখিত মান্য মহাশয়গণের আগমন হইয়াছিল।

তদ্বিশেষ হুগলির শ্রীযুক্ত নবাব মহম্মদ তকিখান বাহাদুর ও ৺ মহারাজ কল্যাণসিংহের বংশজ শ্রীযুক্ত ওমদা রাজা বাহাদুর ও আঁদুলাধিপতি শ্রীযুক্ত মহারাজ রাজনারায়ণ রায় বাহাদুর ও শোভাবাজারস্থ শ্রীযুক্ত মহারাজ গোপীমোহন বাহাদুর ও শ্রীযুক্ত মহারাজ কালীকৃষ্ণ বাহাদুর ও শ্রীযুক্ত কুমার রাধাকান্ত দেব ও পাতুরিয়া ঘাটানিবাসি শ্রীযুক্ত মহারাজ নৃসিংহচন্দ্র রায় বাহাদুর ও পুরণিয়ানিবাসি শ্রীযুক্ত মহারাজ বিজয়গোবিন্দ সিংহ বাহাদুর ও এতদ্ভিন্ন সুবাজাতের উকীল ও শ্রীযুত বাবু কালাচাঁদ বসুজ ও শ্রীযুত বাবু রূপলাল মল্লিক প্রভৃতি অনেককানেক মান্যগণের সমাগম হয়।

এই দরবারে অতিউত্তমরূপে সম্মানানুসারে যথারীতিক্রমে প্রত্যেকের সহিত কুশল প্রশ্নাদি কথোপকথন হইয়াছিল তদ্বিশেষ প্রথমতঃ উকীল ও বাবুপ্রভৃতি মহাশয়গণ গ্রাণ্ডহালে অর্থাৎ প্রধানাগারে শ্রেণীপূর্ব্বক দুই পার্শ্বে চৌকিতে অবস্থান করিলেন এবং পূর্ব্বোক্ত মহারাজগণ স্বতন্ত্র স্থানে চৌকী এবং কৌচে উপবিষ্ট হইলেন তৎপরে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুক্ত উলিয়ম হেমাকনাটন সাহেব মহা সম্মানপূর্ব্বক পূর্ব্বোক্ত মহারাজ বাহাদুরদিগের একাদিক্রমে প্রত্যেককে যে ঘরে শ্রীশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর সিংহাসনোপরি অধিষ্ঠিত ছিলেন ঐ ঘরে লইয়া শ্রীশ্রীযুক্তের নিকট সাক্ষাৎ করাইলে পরে শ্রীশ্রীযুক্ত প্রত্যেকের সহিত শিষ্টাচারপূর্ব্বক কুশল প্রশ্নাদি মিষ্টালাপ করণানন্তর আতর পান প্রদানকরত ক্রমে বিদায় করিলেন। কিন্তু শ্রীযুক্ত মহারাজ রাজনারায়ণ রায় বাহাদুর ও শ্রীযুক্ত মহারাজ বিজয়গোবিন্দ সিংহ বাহাদুরকে খেলাত প্রদানার্থে অবস্থিতি করিতে আজ্ঞা হইল পরন্তু শ্রীশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুর শ্রীযুক্ত সেক্রেটরী সাহেব ও শ্রীযুক্ত এডিকেম্প সাহেব সমভিব্যাহারে গ্রাণ্ডহালে বহির্গত হইবামাত্রেই বারম্বার ইঙ্গরেজী বাদ্যোদ্যম হইতে লাগিল এবং চতুর্দিকস্থ সৈন্যগণ যথা রীত্যনুসারে সেলাম করিলেক এবং দরবা

property of the state, and not of the individual; pending a decision the whole are to be lodged in the arsenal at Delhi. We shall be glad to learn the decision which may be come to, on this nice point.—*Meerut Obs.*

---

### *Malwa Opium.*

The quantity of Malwa Opium exported from Bombay to Canton in 1835, was valued in a late number of the *Courier*, at 1,25,00,000 Rupees. Fifteen years ago not a single chest was exported of this article. To the enterprize of the British merchants and the British Government, this new traffic is solely attributable. It has proved highly advantageous to the agricultural interests of Malwa, and promises soon to make it one of the richest provinces of India. A correspondent on whose local knowledge we can safely rely, states that "it has contributed to raise the rents of every village in Malwa most considerably. In some villages the rents, owing to the increased cultivation of opium, have been more than doubled within the last 15 years."—*Cal. Cour.*

---

### *Vernacular languages.*

While the Trevelyan system is making so many advances in Bengal, it is a matter of no small gratification to observe our Government, notifying to the public, its resolution of adopting, vernacular languages as a medium of transacting public business in the various provinces in which they are spoken; and making an intimate acquaintance with Marhatta, Goozrattee and Canarese languages as a necessary qualification for the promotion of its junior civil servants to the first and second assistantships.—*Bomb. Durp.*

---

### *Robbery at Neemuch.*

A daring robbery was committed at Neemuch towards the end of the last month. The party consisted of upwards of sixty persons who appeared in the evening before the main guard and fired three vollies upon them. The guard, after returning the fire, fell back, when the robbers pressed forward and seized the treasury chest, which they broke open, and from which they took 6000 Rs. The alarm was immediately given, and the robbers began to retreat, and eventually to fly. Two men were killed by musketry and one by a sword, the rest escaped with the booty.

---

### *The Resources of Bombay.*

Some time since an article was published in the Reformer on the subject of the Indian finances; upon this subject the Bombay Courier makes the following remarks. That since the year 1832 the revenues of the Bombay Presidency have been steadily advancing at the rate of Ten lakhs of Rupees a year and that the expenditure has been diminished to nearly the same extent. The consequence is, that during the last year the Government of Bombay nearly paid its own expenses, and also those of the Indian Navy, and as the improvements in its resources is still greater this year, there is every reason to suppose, that it will pay the whole of the charges.

---

### *Indore.*

We learn from the Calcutta Courier that the troops at Saugor and Mhow are already in the field, as the countries both of Sindea and Holkar are in a state of complete disorganization. Indore, the Capital of the Holkar territories, is full of armed men, and the towns and villages around have been plundered in all direction.

---

## Spirit of the Native Papers.

### *Durbar.*

On Thursday, the 10th March, at eleven o'clock, the Governor General, the Right Honourable Lord George Auckland, Knight Grand Cross of the most Honourable Military Order of the Bath, held a Durbar at the Government House; on this occasion the Nawaubs, and Rajas, and Vukeels, and native gentlemen of this and the neighbouring countries, were invited to meet his Lordship. Among those present we observed the following:

Nawaub Tukeekhan Bahadoor, Nawaub of Hooghly; Omda Raja Bahadoor, a descendant of the family of the late Muha Raj Kullian Singh; Rajnarain Roy Bahadoor, Raja of Andool; Muha Raj Gopeemohun Bahadoor, of Sobha Bazar; Muha Raj Kaleekissen Bahadoor; Koor Radhakant Deb; Muha Raj Nursinghu chunder Roy, Bahadoor of Pathooria Ghata; Muha Raj Bejoygovind Sing Bahadoor, and beside these the Vakeels of many Subahs; Baboo Calachand Bosoo; Baboo Rooplal Mullick, and many other respectable men.

At this Durbar the ceremony was conducted according to custom in the most courteous and honourable manner. First, the Vukeels and Baboos were seated in two rows in the Grand Hall, and the *Muharajas* were honoured with chairs and couches according to their rank. Then the Secretary, Mr. William Macnaghten, in the most respectful manner conducted each of these personages to the hall of audience where his Lordship was seated in his chair of state, and introduced to his Lordship, who very graciously spoke to each individual, and after presenting them with *utter* and *pan* permitted them one by one to withdraw. His Lordship requested Rajas Rajnarayun Roy and Bejoygovindu Sing to remain that he might honour them with a *Khelaut*: and as soon as his Lordship, and the Secretary, with his Aids-de-Camp and attendants entered the Great Hall, the Band played, the soldiers presented arms, and all that were present stood. His Lordship

রস্থ তাবৎ লোক গাত্রোত্থান করত প্রণতিপূর্ব্বক দাণ্ডয়মান রহিলেন পরে শ্রীশ্রীযুক্ত ক্রমে সকলের সহিত কথোপকথন করিয়া সিংহাসনারোহী হইয়া অনুমতি করিলে সকলে পুনঃ উপবিষ্টহইলেন পরে শ্রীশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুজ্ঞানুসারে সর্ব্ব গুণান্বিত শ্রীযুক্ত উলিয়ম হে মাকনাটন সাহেব সর্ব্বাগ্রে শ্রীমন্মহারাজ রাজনারায়ণ রায় বাহাদুরকে বহুমূল্য অতিসুদৃশ্য সপ্তপারচার লেখাত সোণালী পাগড়ি চীরা গোসওয়ারা জামা নিমাস্তিন পটকা বন্দি হীরার জিগা সরপেচ মালা বহুমূল্য রত্ন বিনির্ম্মিত পোলাতের ঢাল করয়াল রজত বিনির্ম্মিত পরতলাপ্রভৃতি দ্বারা সসুজ্জীভূতকরত শ্রীশ্রীযুতের সমীপে লইয়া গেলেন এবং মহা সম্মান পুরঃসরে স্বহস্তে মুক্তার মালা হীরক বিনির্ম্মিত ধুকধুকিযুক্ত রাজগলদেশে পরাইয়া দিলেন শ্রীশ্রীযুক্ত তৎক্ষণাৎ গাত্রোত্থানকরত শ্রীযুক্ত মহারাজকে সমাদরপূর্ব্বক গ্রহণ করিলেন তৎকালীন রাজ বক্ষোদেশে পূর্ব্ব গবর্নর্ জেনরল শ্রীশ্রীযুক্ত আনরবল সর চার্লস থিয়ো ফিলেস মেটকাপ সাহেবের প্রদত্ত স্বর্ণবিনির্ম্মিত মহা মর্য্যাদান্বিত মিডিল ধৃত ছিল শ্রীযুক্ত সেক্রেটরী সাহেব ঐ মিডিল শ্রীশ্রীযুক্তকে দৃষ্ট করাইয়া তদ্বৃত্তান্ত অবগত করিলেন শ্রীশ্রীযুক্ত তৎশ্রবণ দ্বারা সন্তুষ্ট হইলেন পরে শ্রীযুক্ত মহারাজ বিজয় গোবিন্দ সিংহ বাহাদুরের প্রতি তাদৃশরূপে খেলাত প্রদত্ত হইল তৎপরে চারি জন উকীলের প্রতি স্বীয় প্রভুর মর্য্যাদানুসারে খেলাত হইল।

শ্রীশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর অগ্রে শ্রীযুক্ত মহারাজ রাজনারায়ণ রায় বাহাদুরকে আতর ও পান প্রদান করত বিদায় করিয়া তৎপরে সকলকে ক্রমে বিদায় করিলেন।

কথিত আছে যে দরবার হইতে শ্রীযুক্ত মহারাজ রাজনায়ণ রায় বাহাদুরের প্রত্যাগমনকালে পথিমধ্যে অতিশোভাকর দৃষ্ট হইয়াছিল তদ্বিশেষ শ্রীমন্মহারাজ চতুরশ্বযোজিত গাড়ীতে আরোহণ করিয়াছিলেন মহারাজের পশ্চাদ্ভাগে ধাবমান দুই জন অশ্বারোহী অস্ত্রধারী তুরুফ সওয়ার ছিল অগ্রভাগে আসাবদার ও সোটাবরদার বল্লমবরদার সিপাহী শাস্ত্রীপ্রভৃতি প্রায় এক শত লোক দ্রুতগামি ছিল এবং রাজ সমভিব্যাহারি রূপ্য বিনির্ম্মিত আসাসোটা বল্লম ছত্র আড়ানি এবং যানবাহন পরিচ্ছদপ্রভৃতি দৃষ্টে দর্শক লোক সুখী হইয়াছিলেন উক্ত শ্রীযুক্ত মহারাজের প্রত্যাগমনকালে গবর্ণমেণ্ট হৌসের উত্তরদিগস্থ শ্রেণীবদ্ধ সৈন্যগণ যথা রীত্যনুসারে শ্রীযুক্ত মহরাজকে সেলাম করিলেক উক্ত শ্রীমন্মহারাজ প্রথমতঃ পাতুরিয়া ঘাটার রাজ বাটীতে গমন করিয়া উপস্থিত কাঙ্গালিদিগকে দান দ্বারা পরিতুষ্ট করত স্বরাজধানী আঁদুলে শুভ যাত্রা করিলেন তদ্যপর শুনিলাম নৃপনিকেতনে মহারাজ উপস্থিত হইলে পরে উক্ত রাজধানীহইতে পুনঃ২ বহুসংখ্যক তোপধ্বনি হইল এবং ঐ তোপধ্বনি দ্বারা এই শুভবার্ত্তা তত্রস্থ সকলকে বিজ্ঞাপন করা গেল ক্ষণেককাল গতে তথায় বাঙ্গালির মহা জনতা হইল শ্রীমন্মহারাজের আজ্ঞাক্রমে রাজ কর্ম্মকারেরা প্রত্যেক কাঙ্গালিকে দানদ্বারা পরিতুষ্ট করিলেন অর্থাৎ কেহ বিমুখ হইল না অধিকন্তু রাজপ্রসাদ প্রাপ্তি দ্বারা ভৃত্যবর্গ সুতৃপ্ত হইল।—চন্দ্রিকা।

---

নিষ্কর ভূমি।

বহুদিবসাবধি উপায়হীন দীন ব্রাহ্মণদিগের দিনপাতের নিমিত্ত রাজার অনুমতিক্রমে যে সকল ভূমি নিষ্কররূপে প্রদত্ত হইয়াছে তদুপস্বত্বভোগী অধিক দেখিয়া বর্ত্তমান সময়ের কর্ম্মাধ্যক্ষ মহাশয়েরা এমত বিবেচনা করিয়াছেন যে তাহার মধ্যে প্রতারণাপূর্ব্বক অনেকেই নিষ্কর ভূমি অধিকার করিয়াছেন সুতরাং ইহা অনুসন্ধান করিয়া গবর্ণমেণ্টের কোষভুক্ত করিবেন তাহাতে যে সহস্র২ ব্যক্তির নয়ন বারি ঝরিত হইয়া অন্নাভাবে প্রাণত্যাগ হইবেক সে পক্ষে কোন বিবেচনা দেখিতেছি না। এতদ্বিষয়ে নানা সমাচার পত্রসম্পাদক ও ভারতবর্ষীয় লোকের মঙ্গলেচ্ছুক ব্যক্তিরা এমত নিষ্ঠুর কর্ম্মে কেহ২ সাপক্ষ হইয়া বলেন

then bowed to each individual as he passed to the chair of state, and having taken his seat requested all who were present to sit down. At the request of the Governor General, Mr. Secretary Macnaghten then presented Raja Rajnarayun Roy with a valuable and splendid honorary dress of seven pieces, a golden turban, an embroidered cloth worn as an ornament over the turban, a half sleeved dress, a girdle, a diamond tiara, a necklace, a very valuable steel target studded with precious stones, a scymetar, a sword belt studded with jewels, and many other valuable presents, and with his own hand put on the raja's neck the splendid necklace. His Lordship then rose and respectfully saluted the *Muharaj*, and observing the medal which the late Governor General Sir Charles Metcalfe had bestowed upon him, the Secretary explained the import of it to his Lordship, at which he was much pleased. Similar presents were then bestowed on Raja Bejoygovindu Sing; and several Vukeels also were honoured with Khelauts.

The Governor first presented Raja Rajnarayun Roy with *utter* and *pan*, and permitted him to withdraw and afterwards in like manner dismissed the rest.

We have heard that Raja Rajnarayun departed from the Durbar in great state and splendour. He rode in a carriage and four; behind were two horsemen armed, and before were a numerous party running, bearing maces, and poles, and shields to the amount of nearly one hundred men. The procession was truly imposing, and filled the beholders with delight. When he departed from Government House the troops that were drawn up, presented arms. When he arrived at his house at Pathureah Ghat, he bestowed alms upon the poor to their satisfaction, and then set off for his own home in *Andool*; when he arrived numerous salutes were fired to spread the good news. Immediately a vast concourse of poor persons assembled, when he ordered his servants to give alms to every individual, and every one was satisfied with his gift. His own dependents on this joyful news partook largely of his bounty.

---

*Rent-free Lands.*

For a long time past the poor bramhuns have been living upon the lands given to them by former Sovereigns upon a free tenure. Seeing the great multitude of those who enjoy those tenures, our present rulers have been led to think that many of those tenures have been made free through fraud, and hence they are anxious to discover the unsound tenures and thereby to fill the Government treasury; but they do not regard the numerous individuals whose eyes will be filled with tears and who will probably die of want occasioned by this measure. But some of the Editors of news-

যে রাজার উপায় বৃদ্ধি না হইলে দেশের উপকার চিন্তন ব্যর্থ যেহেতু শূন্য ভাণ্ডারহইতে ব্যয়ের মনন কিরূপে হইবেক। এবং এই প্রসঙ্গে আরো বিবেচনা করেন যে গবর্ণমেণ্ট বহুসংখ্যক টাকা নিষ্কর ভূমির কর পাবেন তাহা পাইলে মাসুল ও টাক্সপ্রভৃতি উঠাইয়া দেউন। এবং এক্ষণে ঐ নিষ্কর ভূমির কর নিশ্চিত করাতে প্রজারদিগের যেমত দুঃখ হইবেক তাহা পশ্চাৎ তাহারদিগকে রাজকর্ম্মে উচ্চ পদভুক্ত করিয়া তাহার উপায় দ্বারা পরিশোধ করিতে পারেন। হায় এ অতিআশ্চর্য্যের বিষয় বহুসংখ্যক দেশে নানা মত উপায় দ্বারা গবর্ণমেণ্টের কোষে এক কপর্দ্দক রহিল না কেবল এই বাঙ্গলা দেশে যাহা তাঁহারদিগের উপায়ের শতাংশের একাংশ মহল এবং ঐ মহলের সহস্র প্রকার বিভক্তের এক প্রকারে যে উপায় হইবেক তাহাতেই রাজার কোষ পূর্ণ হইবেক এবং ঐ রূপ কর গ্রহণে যে সকল প্রজারা পীড়িত হইবেন ইহারা যে সকলেই রাজার প্রদত্ত উচ্চ কর্ম্ম তাঁহারা করিবেন এমত কখন মনে স্থান দেওয়া যাইতে পারে না কেন না নিষ্কর ভূম্যধিকারিগণের মধ্যে পল্লিগ্রামস্থ ব্রাহ্মণ ও পণ্ডিত তাঁহারা শাস্ত্রালোচনাপূর্ব্বক ভূমির উপস্বত্বে কাল যাপন করেন তাঁহারা রাজকর্ম্ম কিরূপে করিবেন।

দ্বিতীয়তঃ গবর্ণমেণ্ট যে এই কর উপলক্ষে অধিক টাকা কোষ গত হওয়াতে নগরের টাক্স ও মাসুল উঠাইবেন এমত বোধগম্য হওয়া দুষ্কর কেন না যখন যাহা বলিয়া প্রজার উপর যে রূপ হুকুম জারী করেন তাহা সমাধান হইলেও তদুপায়জনককর্ম্ম রহিত করিতে আকাঙ্ক্ষিত হয়েন না। টাক্স যাহা নগরের সৌন্দর্য্যতা হেতু কিছু কালের নিমিত্ত প্রজার প্রতি প্রদানানুমতি হইয়াছিল তাহা আর রহিত হইল না। এক্ষণে তাহা প্রজারদিগের পৈতৃক বা উদর পোষণের ঋণস্বরূপ জ্ঞান করিয়া দিতে হইতেছে কাহারো দেওন শক্তি না থাকিলে উদরান্নে লালায়িত হইলেও বসবাস অথবা সাংসারিক প্রয়োজনীয় দ্রব্য বিক্রয় করিয়া লইতেছেন। ইহাপেক্ষা ক্লেশকর আর কি বোধ হইতে পারে। দেখুন বঙ্গরাজ্যের প্রজার তাদৃক উপায় নাই। যে২রূপ কর্ম্মে ইচ্ছা তাহারদিগকে ব্যয় করাইবেন ইহাতে এমত কহিবার অভিপ্রায় নাই যে গবর্ণমেণ্টে যে টাকা প্রজারদিগকে ব্যয়করান তাহা মন্দ কারণযুক্ত কেবল ইহাই কহনাবশ্যক যে প্রজারা প্রদানে অক্ষম। অতএব এসমস্ত বিবেচনা করিয়া কোন ব্যয়জনককর্ম্মে উপায়হীন প্রজারদিগকে দর্শাইলে ভাল হয়।—পূর্ণচন্দ্রোদয়।

গত ১৮ ফালগুণ চন্দ্রিকার ক খ স্বাক্ষরিত পত্র প্রেরকের প্রতি।

তৎপত্র প্রেরক মহাশয় উক্ত দিবসীয় চন্দ্রিকা পত্রের মধ্যে যাহা ব্যক্ত করিয়াছেন তদ্দৃষ্টে অত্যন্ত সন্দেহযুক্ত হইলাম। যেহেতু তন্মহাশয় প্রথমতঃ লেখেন যে এপ্রদেশে যে কএকখান সংবাদ পত্র বঙ্গ ভাষায় প্রকাশ হইতেছে তাহা মাসিকই বা হউক অথবা সপ্তাহিক হউক সে সকল কেবল ইঙ্গরাজী সংবাদ পত্রের নকল অবশ্যই মানিতে হইবেক। তজ্জন্য ইঙ্গরেজী সংবাদ লিখিত রীত্যনুসারে বাঙ্গলা সংবাদ লেখাই কর্ত্তব্য। উত্তর অস্মদ্দেশে পূর্ব্বতন কালে ছাপা যন্ত্রের অনুশীলন ছিল না বটে। এবং তদ্দ্বারা উপকার বোধ করিয়া ইঙ্গরেজ রাজ্যাধিপতিরা এপ্রদেশে চলিত করিয়াছেন তাহাও যথার্থ এবং ঐ যন্ত্রের দ্বারা যে অস্মদাদির মহোপকার হইতেছে ইহাও অবশ্য স্বীকার করিতেছি। তাহাতে ঐ যন্ত্রের দ্বারা যাহা উপকার বোধ হয় তাহা করিয়া স্বকার্য্য সাধন করাই কর্ত্তব্য। এবং যাহাতে ঐ ধারা এতদ্দেশীয় রীতি ও বিদ্যাভাষার উন্নতি হয় এমত চেষ্টা করা কর্ত্তব্য। কিন্তু তাহারদিগের রীতি

papers, and some even of those who wish the welfare, of the country have defended this cruel measure, and have said that unless the public treasury can be replenished, it is useless to think of the improvement of the country, for what expenditure can be supplied from an empty treasury? They have also supposed that when Government have obtained a large revenue from the free tenures, they will be able to do away with the duties and with taxes; and that those who may be subject to distress from the assessment of their land, may obtain some compensation through obtaining high situations in the public service. Alas! how singular is it, that notwithstanding all the exertions of Government in so many countries there should not remain a single farthing in the treasury, and that they should look for fresh revenue only from lands which form but a hundredth part of their territories, and from the thousandth part of the produce of those lands. That all those among their subjects who may be reduced to distress by this measure, will be consoled by public situations, can never for a moment be supposed. For many of the occupants of these tenures are bramhuns and pundits residing in the country, who apply to the study of the shastras while they live upon the rent of the lands. How can they get through public business?

*2d.* That Government with a full treasury arising from these lands, will be disposed to take off taxes and duties, it is difficult to suppose, for seldom do we see that object accomplished, for which imposts have been laid upon the people. The tax established for beautifying the city, which it was at one time proposed to remit, has not been given up, but that tax the subjects consider as a kind of debt upon their paternal property and upon their means of living, and when they are unable to pay it, although they themselves are distressed for food, are obliged to sell their houses or the necessary articles of the house. What can be more distressing than this? The people in Bengal have but few resources. With regard to the objects to which this revenue is applied, it is not our intention to say that the revenue obtained from the people is for improper objects; we only say, that the people cannot pay it, and it would be well to point out to the people by what means they may be enabled to meet these demands.—*Poornuchundru.*

*Reply to the letter signed* ক খ *in the Chundrika.*

We have been led to great doubts regarding the letter with the above signature which appeared in the Chundrika of that date, for the writer says, that all the papers which have appeared at this Presidency, whether they be monthly or weekly, must be considered as mere copies of the English news-papers, and hence he argues that the native papers ought to be published according to the rule of the English papers. To this we reply, that formerly there was no printing in this country, and that the English Government have introduced it with the view of benefiting the people, and we must acknowledge that the art has been of exceeding use to the country and that therefore the advantages it offers ought to be used for the accomplishment of the object each one proposes. It is right moreover to seek through it, how manners and learning may be improved;

